

Handwritten signature and date
০৩



কুমিল্লা শনিবার কুমিল্লা ক্যাডেট কলেজের ২৫ বছর পূর্তি ও ৪৪র্থ পুনর্মিলন অনুষ্ঠানে প্রধান অতিথি সেনা বাহিনী প্রধান জেনারেল মইন উ আহমেদ কলেজ ক্যাম্পাসে গাছের চারা রোপণ শেষে সৈন্যবাহিনীতে অংশ নেন - ইত্তেফাক

কুমিল্লা ক্যাডেট কলেজের রজতজয়ন্তী
**দেশের সবকটি ক্যাডেট কলেজে আসন
বৃদ্ধির আস্থান জানালেন সেনা প্রধান**

কুমিল্লা সংবাদদাতা

সেনাবাহিনী প্রধান জেনারেল মইন উ আহমেদ বলেছেন, কুমিল্লাসহ দেশের সব কটি ক্যাডেট কলেজে আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে। তিনি গতকাল শনিবার কুমিল্লা ক্যাডেট কলেজের রজত জয়ন্তী এবং ঐ কলেজের প্রাক্তন ক্যাডেটদের চতুর্থ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

অবকাঠামো, শ্রেণীকক্ষ ও জাইনিংসহ নানা সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও তিনি দেশের সবকটি ক্যাডেট কলেজে আরও ২৪টি করে আসন বৃদ্ধির আস্থান জানান। সেনাপ্রধান বলেন, প্রাক্তন ও বর্তমান ক্যাডেটদের সুনামবিত্ত হিসাবে গড়ে উঠে দেশসেবার এগিয়ে আসতে হবে। তিনি আরও বলেন, প্রতিষ্ঠার স্বল্প সময়ের মধ্যেই কুমিল্লা ক্যাডেট কলেজ দেশের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠানে রূপ নিয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ইনস্ট্রাক্টর ক্যাপ্টেন মুন্সেফউদ্দিন, ক্যাডেট কলেজ ছাত্র সংগঠনের সাধারণ সম্পাদক ড. অহিরুল ইসলাম। এ সময় সেনাবাহিনীর প্রাক্তন ক্যাডেট জেনারেল এবং ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মেজর জেনারেল মো. মতিউর রহমান, সেনাপ্রধানের স্ত্রী

নামদীন মইন, ৩৩ পদাধিক ডিভিশনের অধিনায়ক মেজর জেনারেল আনোয়ার হোসেনসহ সামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে গুস্ত ক্যাডেট প্রেসিডিয়েন্টের কাজী সন্দা ও কর্মকর্তাদের স্কেচ প্রদান করা হয়। এর আগে কলেজ গ্রাউন্ডে শিকারী ও প্রাক্তন ক্যাডেটদের কৃচকাওয়াজ অনুষ্ঠিত হয়। সেনাপ্রধান মইন উ আহমেদ এ সময় সাল্লাম গ্রহণ করেন। পরে তিনি রজত জয়ন্তী স্মারক ফলক উন্মোচন এবং কলেজ গ্রাঙ্গণে কৃচ রোপণ করেন। দুপুরে সেনাপ্রধানকে কুমিল্লা শহরের পুরাতন বিমান বন্দর এলাকায় সেনা আবাসন পল্লীর অবকাঠামো নির্মাণ পরিকল্পনা সম্পর্কে অবহিত করা হয়।

এদিকে সন্ধ্যায় সেনাপ্রধান জেনারেল মইন উ আহমেদ কুমিল্লা সেনানিবাসে ময়নামতি গলফ এন্ড কনস্ট্রাক্টিভ আর্ট কে সিরামিকস কাপ গলফ টুর্নামেন্টের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।